

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
অগ্নি অনুবিভাগ
www.ssd.gov.bd

সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিমের মাসিক সভার কার্যবিবরণী:

| | | |
|------------|---|---|
| সভাপতি | : | প্রদীপ রঞ্জন চক্রবর্তী অতিরিক্ত সচিব (অগ্নি) ও এপিএ টিম প্রধান |
| সভার তারিখ | : | ১৫/৯/২০১৯ |
| সময় | : | বেলা ১১.০০ মিনিট |
| স্থান | : | সভাপতির অফিস কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ কার্যক্রম আরম্ভ করেন। ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে বিভাগের প্রতিটি অনুবিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের সাথে নিয়মিত যোগাযোগ রাখার জন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান।

০২। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন :

২৯/৮/২০১৯ তারিখে অনুষ্ঠিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। তিনি জানান, দপ্তর/সংস্থাসমূহের এপিএ টিমের সাথে নিয়মিত যোগাযোগ রাখার ০১টি বিষয়ে বিশেষভাবে উপলব্ধি জেগেছে যে, এপিএ'র টার্গেটসমূহের বিষয়ে দপ্তর/সংস্থার প্রধানগণের এবং মন্ত্রণালয়ের অনুবিভাগ প্রধানগণের আরো বেশি সহায়তা একান্ত প্রয়োজন। ইতোমধ্যে প্রায় আড়াই মাস চলে গেছে। এখন থেকে এ বিষয়ে মন্ত্রণালয়ের এপিএ টিমের সদস্য এবং এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তার আরো বেশী তৎপর হওয়া প্রয়োজন। এ বিষয়ে আরো বেশী তৎপর এবং যত্নবান হলে আরো ভালো ফলাফল অর্জন করা সম্ভব হবে বলে প্রতীয়মান হয়। এ প্রেক্ষাপটে দপ্তর/সংস্থা এবং মন্ত্রণালয়ের এপিএ যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান।

০৪। সভাপতি আরো জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মধ্যে বিভাগের গুরুত্বপূর্ণ কার্যাবলিকে অন্তর্ভুক্ত করা হয়েছে। ফলে, প্রতিদিনের কাজের সাথে চুক্তির লক্ষ্যমাত্রা মিলিয়ে দেখতে হবে। আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নের বিষয়ে প্রতিনিয়ত বিভিন্ন সূচকের লক্ষ্যমাত্রার দিকে খেয়াল রাখা প্রয়োজন। মাসিক সমন্বয় সভায় বিশেষ করে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সাথে যে সব সভা হয় সে সব সভাতেও এপিএ বাস্তবায়নের বিষয়টি পরিবীক্ষণ করা যেতে পারে। জেলা ভিজিট করার জন্য সুরক্ষা সেবা বিভাগের পক্ষ থেকে টিম গঠন করে দেয়া হয়েছে। এ সব টিম কর্তৃক জেলা পরিদর্শনকালে মাঠ পর্যায়ের অফিসের এপিএ বাস্তবায়নের বিষয়াবলি পরীক্ষা করে দেখা প্রয়োজন বলেও সভাপতি মন্তব্য করেন।

০৫। সভায় উপস্থিত এপিএ টিমের সদস্যবৃন্দ জানান যে, সাপ্তাহিক ভিত্তিতে চুক্তি বাস্তবায়নের অগ্রগতি পরীক্ষা করা যেতে পারে। একইভাবে আওতাধীন দপ্তর/সংস্থাসমূহও এ ধরনের উদ্যোগ গ্রহণ করতে পারে। এর মাধ্যমে এপিএ বাস্তবায়ন সংক্রান্তে ০১টি অভ্যাস গড়ে ওঠতে পারে-যা সুষ্ঠুভাবে চুক্তি বাস্তবায়নে অত্যন্ত সহায়ক হবে।

০৬। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

(৬.১) আগামী মাসে এপিএ বাস্তবায়ন সংক্রান্ত ১ম ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। তাই এখন থেকে প্রতিটি সূচকের বাস্তবায়ন অগ্রগতির হার প্রমাণকের ভিত্তিতে পরীক্ষা করে দেখতে হবে;

(৬.২) মাসিক সমন্বয় এবং এডিপি বাস্তবায়ন সংক্রান্ত সভায় এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়াবলি নিয়মিত ফলোআপ করতে হবে।

০৭। পরিশেষে, অন্য কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত/-)

প্রদীপ রঞ্জন চক্রবর্তী
অতিরিক্ত সচিব (অগ্নি)

ও


এপিএ টিম প্রধান
সুরক্ষা সেবা বিভাগ।

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৩২.০০১.১৭- ৪৬/১

তারিখ : ৩১ ভাদ্র ১৪২৬
১৫ সেপ্টেম্বর ২০১৯

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- ০১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০২। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। অতিরিক্ত সচিব উইং (সকল), সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা।
- ০৪। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশিবাজার, ঢাকা।
- ০৫। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ০৬। সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মল্লিকা রাণী মন্ডল)
সহকারী সচিব